গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

তারিখঃ ৩০ ভাদ্র, ১৪৩০।
১৪ সেপ্টেম্বর, ২০২৩।

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২৩-১২০০

## সভার বিজ্ঞপ্তি

বিষয়ঃ **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কারা অধিদপ্তর ও আওতাধীন বিভাগীয় দপ্তরসমূহের সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে কারা অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২.১ কার্যক্রমের আলোকে কারা অধিদপ্তর এবং আওতাধীন বিভাগীয় দপ্তরসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভাপতি অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে আগামী ১৭-০৯-২০২৩ তারিখ, রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় জুম অনলাইন প্ল্যাটফর্মে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কারা অধিদপ্তর ও বিভাগীয় দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

Zoom ID : 833 9385 3776
Passcode : 444

১৪/০৯/২৩

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি
পক্ষে-কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd

**কার্যার্থে/জ্ঞাতার্থে বিতরণঃ**

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
২। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ডেপুটি জেলার (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোড ও যথাসময়ে জুম প্ল্যাটফর্মে সভা আয়োজনের অনুরোধসহ)।
৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভাগস্থ কারা উপ মহাপরিদর্শকগণের সমন্বয়ে অনুষ্ঠিত ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি: শেখ সুজাউর রহমান
অতিরিক্ত কারা মহাপরিদর্শক

তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৩।

সময়: সকাল ১০:০০ ঘটিকা

স্থান: Zoom Online Platform.

উপস্থিতি: পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ডেপুটি জেলার জনাব মোঃ রুস্তম আলী কে অনুরোধ করা হলে সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ **আলোচ্য বিষয়:** বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের কার্যালয় এবং কেন্দ্রীয় ও জেলা কারগার সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে হালনাগাদকরণ ও ওয়েব পোর্টালে আপলোডকরণ।

১.১ **আলোচনা:** সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী কারা সদর দপ্তর, বিভাগীয় দপ্তর, কেন্দ্রীয় ও জেলা কারাগারের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণসহ তা ওয়েব পোর্টালে আপলোডের নির্দেশনা রয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কি না এজন্য মূল্যায়ন পদ্ধতি রয়েছে। অত:পর সভাপতি জানান যে, সেবা প্রত্যাশীরা যাতে সহজে সেবা গ্রহণের প্রক্রিয়া সম্পর্কে জানতে পারে এজন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী কারা অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় দপ্তর ও কারাগার সমূহকে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত ভিত্তিতে হালনাগাদসহ তা ওয়েব পোর্টালে আপলোড করার নির্দেশনা প্রদান করা হয়েছে। অত:পর তিনি এ বিষয়ে আলোচনা করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) কে অনুরোধ করেন।সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর প্রতিটি অনুচ্ছেদ বিস্তারিতভাবে ব্যাখ্যা করেন।সভাপতি এ বিষয়ে কারা উপ

মহাপরিদর্শকগণের মতামত আহবান করেন। কারা উপ মহাপরিদর্শকগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১.২ **সিদ্ধান্ত**:

**ক.** সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরন কমিটি গঠন পূর্বক প্রতি ত্রৈমাসিকে বিভাগীয় দপ্তর, কেন্দ্রীয় ও জেলা কারাগার সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে তা ওয়েব পোর্টাল আপলোড করতে হবে এবং প্রমাণক কারা সদর দপ্তরে পাঠাতে হবে।

**খ.** প্রতি ত্রৈমাসিকে আওতাধীন কারাগারসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ নিশ্চিত করতে হবে।

**গ.** নিজ দপ্তর ও আওতাধীন কারাগারসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

**ঘ.** সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শেষ করেন।

২৭/৯/২৩

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ১২০৫

তারিখঃ ১২ আশ্বিন, ১৪৩০।
২৭ সেপ্টেম্বর, ২০২৩।

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ),সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
দৃ: আ: প্রোগ্রামার,সুরক্ষা সেবা বিভাগ।

২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২৭/৯/২৩

মোঃ মাইন উদ্দিন ভূইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
পক্ষে- কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd